# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶১৫ আগস্ট ছিল জাতীয় শোক দিবস। বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ সকল শ্রেণির মানুষ নানা আয়োজনের মাধ্যমে দিবসটি পালন করে। উক্ত দিবসটির সকল আয়োজন ছিল স্বাধীনতার মহানায়ককে নিয়ে।


ক. মুজিবনগর সরকারের কতটি মন্ত্রণালয় ছিল? ১

খ. মুক্তিযুদ্ধে পেশাজীবী মানুষের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. স্বাধীন বাংলাদেশ গঠনে উদ্দীপকে উল্লিখিত মহানায়কের ভূমিকা মূল্যায়ন করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দিবসটির হত্যাকাণ্ডের নির্মমতা উপস্থাপন কর। ৪

২.▶




Teachingbd.com

ক. সূর্য চন্দ্র অপেক্ষা কত গুণ বড়? ১

খ. জোয়ার ভাটার ব্যবধান ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের চিত্রটি জোয়ারের কোন অবস্থা নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. অষ্টমী তিথিতে চিত্রটি কী রূপ ধারণ করে? চিত্রসহ বিবরণ দাও। ৪

৩.▶নবম শ্রেণিতে শিক্ষক বিভিন্ন দেশের জলবায়ু সম্পর্কে ধারণা দিতে গিয়ে প্রথমে এমন একটি দেশের কথা বললেন যার জলবায়ু মোটামুটি উষ্ণ, আর্দ্র ও সমভাবাপন্ন। মৌসুমি জলবায়ুর প্রভাব এখানে এত অধিক যে, সামগ্রিকভাবে এ জলবায়ু "ক্রান্তীয় মৌসুমী জলবায়ু" নামে পরিচিত। পরে অন্য আরেকটি দেশের

কথা বললেন যার জলবায়ুকে শীতকাল, গ্রীষ্মকাল, বর্ষাকাল, শরৎ ও হেমন্তকাল এই চারভাগে ভাগ করা হয়েছে।


ক. বরেন্দ্রভূমির আয়তন কত? ১

খ. বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের পাহাড়সমূহের বর্ণনা দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রথম দেশটির শীতকালের জলবায়ুর বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের দ্বিতীয় দেশটির বর্ষাকালের বর্ণনা দাও। ৪

৪.▶




ক. সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতিকে অভিশংসন করতে পারে কে? ১

খ. বাংলাদেশের বিচারপতি নিয়োগ ব্যবস্থা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'A' চিহ্নিত স্থানটি সরকারের যে বিভাগকে নির্দেশ করছে তার কাজ ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশে 'B' চিহ্নিত বিভাগ 'A' চিহ্নিত বিভাগ দ্বারা নিয়ন্ত্রিত। তুমি কি এর সাথে একমত? মতামত দাও। ৪

৫.▶ সময় বয়ে যাচ্ছে, কখন বীজ বুনবে? আলী মিয়ার চিন্তার শেষ নেই। বৃষ্টি না হলে তিনি সময়মতো ফসল ফলাতে পারবেন না। ফলে ঋণের দায়ে তার শেষ সম্বল জমিটুকুও হারাতে হবে। দিনভর আকাশপানে চেয়ে তাই তিনি কেবল বৃষ্টির প্রত্যাশা করছেন।

http://teachingbd.com


ক. এশীয় দেশগুলোর মধ্যে সাহায্যদাতা দেশ হিসেবে উল্লেখযোগ্য দেশ কোনটি? ১

খ. প্রকৃতি সৃষ্ট প্রতিবন্ধকতা কীভাবে বাংলাদেশের কৃষি উৎপাদনকে ব্যাহত করছে? আলোচনা কর। ২

গ. আলী মিয়ার দুশ্চিন্তার কারণ বাংলাদেশের কৃষি ক্ষেত্রে যে প্রতিবন্ধকতা নির্দেশ করছে তার স্বরূপ ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে, কর উদ্দীপকে উল্লিখিত উক্ত প্রতিবন্ধকতা ছাড়াও কৃষি ক্ষেত্রে আরো নানা প্রতিবন্ধকতা রয়েছে? আলোচনা কর। ৪

৬. ▶




Teachingbd.com


ক. পৌরনীতি পাঠের মূল বিষয়বস্তু কী? ১

খ. রাষ্ট্রের সবচেয়ে সুস্পষ্ট ও পূর্ণাঙ্গ সংজ্ঞাটি উল্লেখ করো। ২

গ. উদ্দীপকে "C" রাষ্ট্রের যে উপাদানকে নির্দেশ করছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর, উদ্দীপকে "D" উপাদানটি ছাড়া রাষ্ট্র গঠন করা সম্ভব? উত্তরের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৭. ▶




http://teachingbd.com

ক. নারী কর্মীদের জন্য ৬ মাসের মাতৃত্বকালীন ছুটি ঘোষণা করা হয় কত সালে? ১

খ. মাতৃকল্যাণের ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যচিত্র দ্বারা নির্দেশিত সামাজিক সমস্যার কারণগুলি চিহ্নিত করে ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যচিত্রের উক্ত সহিংসতা প্রতিরোধে সমাজের করণীয় আলোচনা কর। ৪

**৮.** ▶বর্তমানে মাল্টিমিডিয়া ক্লাশরুমে পাঠদানের কারণে পাঠদান শিক্ষার্থীদের কাছে অনেক আকর্ষণীয় হয়েছে। শিক্ষার্থীরাও ইন্টারনেট এর মাধ্যমে বিভিন্ন তথ্য জানতে পারছে তাদের প্রয়োজনমত। ফলে সমাজ ব্যবস্থায়ও এর প্রভাব পড়ছে।

ক. সামাজিক পরিবর্তনের সংজ্ঞা দাও। ১

খ. সামাজিক পরিবর্তনে শিক্ষার ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের যে উপাদানটির উল্লেখ আছে তার ইতিবাচক ভূমিকা উল্লেখ করো। ৩

ঘ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনে যে উপাদানটির উল্লেখ রয়েছে তার প্রভাবে অনেক সময় সমাজে নেতিবাচক প্রভাবও পড়ে-তুমি কি একমত? তোমার মতামতের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

**৯.** ▶ব্যাংক আমানত গ্রহণ করে, ঋণদান করে, চেক, ড্রাফ্‌ট ইত্যাদির মাধ্যমে অর্থ প্রেরণে জনগণকে সাহায্য করে।

ক. সরকারের ব্যাংক কোনটি? ১

খ. নিকাশ ঘর হিসাবে কেন্দ্রীয় ব্যাংকের কাজ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'ক' ব্যাংকের নাম কী? এই ব্যাংকের কার্যাবলি বর্ণনা কর। ৩

ঘ. পল্লির ভূমিহীন পুরুষ ও নারীদের অবস্থার উন্নয়নে 'খ' ব্যাংকের ভূমিকা মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: | ১ | ৫ | ০ |

১. ১৯৪৭ সালের কখন ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান হয়?
ক ১৪ আগস্ট সকালে খ ১৪ আগস্ট রাতে
গ ১৫ আগস্ট সকালে ঘ ১৫ আগস্ট রাতে

২. মুসলিম লীগের দাপ্তরিক ভাষা উর্দু করার প্রস্তাব দিলে কে বিরোধিতা করেন?
ক ধীরেন্দ্রনাথ দত্ত
খ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ ডঃ মুহাম্মদ শহীদুল্লাহ
ঘ শেরে বাংলা এ কে ফজলুল হক

৩. বাঙালি জাতীয়তাবাদ বলতে যা বোঝায় তা হলো—
i. বাংলা ভাষা
ii. বাঙালির জাতিগত পরিচয়
iii. ইতিহাস ও ঐতিহ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদ হতে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :
'ক' নামক একটি রাষ্ট্র দীর্ঘদিন যাবৎ বিদেশি শাসকদের দ্বারা শাসিত হয়ে আসছিল। তাদের শাসনের হাত থেকে উক্ত রাষ্ট্রে নিজেদের শাসন প্রতিষ্ঠিত করার জন্য কয়েকটি রাজনৈতিক দল একটি মোর্চা গঠন করে এবং জনগণের সামনে রাষ্ট্রটির স্বার্থ ও উন্নয়নমূলক বেশ কয়েকটি দাবি তথা কর্মসূচি পেশ করে নির্বাচনে অংশ নেয়।

৪. উদ্দীপকের ঘটনাটির সাথে পূর্ববাংলা তথা বাংলাদেশের কোন কোন ঐতিহাসিক ঘটনার মিল রয়েছে?
ক ৪ দলীয় জোট খ ২০ দলীয় জোট
গ যুক্তফ্রন্ট ঘ ১৮ দলীয় জোট

৫. উক্ত দলীয় মোর্চার প্রদত্ত দফাগুলোর মধ্যে যা ছিল—
i. যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাধীনের সরকার গঠিত হবে সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে
ii. একুশে ফেব্রুয়ারি শহিদ দিবস হিসেবে ছুটির দিন ঘোষিত হবে
iii. প্রশাসনিক ব্যয় সংকোচনের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারিদের বেতন বৈষম্য হ্রাস করা হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. পৃথিবীর ইতিহাসে ঐতিহাসিক ভাষণসমূহের মধ্যে ৭ মার্চের ভাষণ অন্যতম কেন?
ক বাঙালিকে ঐক্যবদ্ধ হওয়ার প্রেরণা ও মুক্তিযুদ্ধের নির্দেশনা ছিল বলে
খ এ ভাষণে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন বলে
গ তার ডাকে বাঙালি রুখে দাড়ায় ও মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে বলে
ঘ পৃথিবীর স্বাধীনতাকামী মানুষের নিকট এ ভাষণ অমর হয়ে থাকবে বলে

৭. স্বাধীন বাংলা সরকারের উপদেষ্টা কে ছিলেন?
ক কমরেড মনি সিং খ সৈয়দ নজরুল ইসলাম
গ এম. মনসুর আলী ঘ মিসেস ইন্দিরা গান্ধী

৮. 'সুন্দর দ্বীপ' নামক একটি স্বাধীন রাষ্ট্রে দীর্ঘদিন ধরে সেনাশাসন চলতে থাকায় জনগনের মৌলিক অধিকার ও ব্যক্তি স্বাধীনতা ক্ষুন্ন হচ্ছিল। তাই দেশের ছাত্র শিক্ষকসহ সর্বস্তরের শ্রেণিপেশার মানুষ সামরিক শাসন বিরোধী আন্দোলনে জড়িয়ে পড়ায় এটি ক্রমান্বয়ে গণঅভ্যুত্থানে রূপ নেয়। এবং বিভিন্ন রাজনৈতিক দল ও জোটের চাপে সরকার পদত্যাগে বাধ্য হয়। উক্ত ঘটনাটি বাংলাদেশের কোন ঘটনার সাথে সম্পর্কিত?
ক '৬৯ এর গণঅভ্যুত্থান
খ ১৯৭১ এর অসহযোগ আন্দোলন
গ '৯০ এর গণঅভ্যুত্থান
ঘ '৯৬ এর অসহযোগ আন্দোলন

৯. কৃষিভিত্তিক মুসলিম সমাজ ছাড়াও নিচের কাদের মধ্যে বহুপত্মীক পরিবার দৃষ্ট হয়?
ক ভারতের টোডা উপজাতি
খ চীনের তিব্বতী গ আমেরিকার রেড ইন্ডিয়ান
ঘ এস্কিমো উপজাতি

১০. বর্তমান সময়ে শিশুর ধর্ম ও নৈতিক শিক্ষার দায়িত্ব পালন করছে কে?
ক দাদা-দাদি খ নানা-নানি
গ স্থানীয় ইমাম ঘ ধর্মীয় ক্যাসেট

১১. শিক্ষার্থীর আচরণিক পরিবর্তন ব্যহত হয় নিম্নের কোন প্রতিষ্ঠানে?
ক ক্যাডেট কলেজে খ প্রি-ক্যাডেট স্কুলে
গ প্রাথমিক বিদ্যালয়ে ঘ মাধ্যমিক বিদ্যালয়ে

১২. শুকতারা কখন দেখা যায়?
ক সকালে খ বিকালে
গ সন্ধ্যায় ঘ রাতে

১৩. ট্রপোমন্ডল মানুষের সবচেয়ে প্রয়োজনীয় স্তর কারণ এখানে রয়েছে —
ক আর্দ্রতা খ ওজোন স্তর
গ সূর্যের অতি বেগুনি রশ্মি
ঘ ঝড় বৃষ্টির প্রাদুর্ভাব না থাকা

১৪. মৃণাল রায় প্রভাতী দাসকে বিয়ে করে। মৃনাল ও প্রভাতীর মধ্যকার গঠিত পরিবারকে কী নামে আখ্যায়িত করা যায়?
ক অনুলোম খ প্রতিলোম
গ বহির্লোম ঘ নয়াবাস

১৫. উক্ত ধরনের বিবাহের ফলে যা হয় তা হলো —
i. রক্তের বিশুদ্ধতা নষ্ট হয়
ii. সামাজিক অনাচার রোধ হয়
iii. রক্তের বন্ধন রক্ষা হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. পিতৃতান্ত্রিক পরিবারের উত্তরাধিকারী হয় যারা তা হলো —
i. পুত্র ii. কন্যা iii. স্ত্রী/মাতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. স্থানীয় সময় জানার জন্য নিম্নের কোনটি জানা প্রয়োজন?
ক অক্ষাংশ খ দ্রাঘিমা
গ আন্তর্জাতিক তারিখ রেখা
ঘ সমাক্ষ রেখার অবস্থান

১৮. সিলেট শহরে ঢাকা থেকে প্রায় আট মিনিট আগে ইফতারির আযান দেয়া হলে, ঢাকা ও সিলেটের দ্রাঘিমার পার্থক্য কত?
ক ৮° পূর্ব খ ৮° পশ্চিম
গ ২° পশ্চিম ঘ ২° পূর্ব

১৯. ৮০° উত্তর অক্ষাংশের প্রতিপাদ স্থান কোনটি?
ক দ্রাঘিমা ৮০° পশ্চিম খ অক্ষাংশ ১০০° দক্ষিণ
গ দ্রাঘিমা ১০০° দক্ষিণ ঘ অক্ষাংশ ৮০° দক্ষিণ

http://teachingbd.com


২০. ১৮০° পূর্ব এবং ১৮০° পশ্চিম দ্রাঘিমায় স্থানীয় সময়ের পার্থক্য কত?
ⓚ শূন্য ⓚ ৬ ঘন্টা
ⓖ ১২ ঘন্টা ⓖ ১ দিন

২১. মৌসুমী বায়ু ভারতে কয়টি শাখায় বিভক্ত হয়ে প্রবেশ করে?
ক) একটি খ) দুইটি
গ) তিনটি ঘ) চারটি

২২. বাংলাদেশের হিরন পয়েন্ট, চরগংসা ও কক্সবাজারের উচ্চতা প্রতিবছর গড়ে ৪ থেকে ৬ কি.মি. পর্যন্ত বেড়েছে- জরিপের উৎস কোনটি?
ক) বিবিএস-২০০৫ খ) NAPA-২০০৫
গ) NASA-২০০৫
ঘ) নদী গবেষণা ইনস্টিটিউট ২০০৫

২৩. একটি রাষ্ট্রের জনগণ যেভাবে তাদের ভূ-খণ্ডের ওপর নিয়ন্ত্রন প্রতিষ্ঠা করে তা হলো —
i. জাতীয়তাবাদী আন্দোলন
ii. সংগ্রাম iii. সাংবিধানিক পন্থা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদ হতে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :



২৪. '?' চিহ্নিত নদীর নাম কী?
ক) কর্ণফুলী খ) সাঙ্গু
গ) নাফ ঘ) মাতামুহুরী

২৫. উক্ত নদীর বৈশিষ্ট্যগুলা হচ্ছে —
i. লুসাই পাহাড় থেকে উৎপত্তি
ii. এর দৈর্ঘ্য প্রায় ১২০ কি.মি.
iii. কক্সবাজার জেলার পাশ ঘেঁষে বঙ্গোপসাগরে মিলিত হয়েছে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. কোন কাজের মাধ্যমে জাতীয় সংহতি অর্জন করা সম্ভব?
ক) আইন নিজের হাতে তুলে না নেওয়া
খ) ভিন্নমতকে মূল্যায়ন করা
গ) দুর্নীতি ও অন্যায়ের প্রতিবাদ করা
ঘ) অযোগ্য ও দুর্নীতিবাজকে ভোট দানে বিরত থাকা

২৭. মার্কিন যুক্তরাষ্ট্রের আইনসভার নাম কী?
ক) সিনেট খ) পার্লামেন্ট
গ) কংগ্রেস ঘ) রিপাবলিক

২৮. বাংলাদেশকে তার দেশের স্বার্থে বহির্বিশ্বের বিভিন্ন দেশ ও প্রতিষ্ঠানের সাথে আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক বিভিন্ন ক্ষেত্রে আন্তর্জাতিক চুক্তি সম্পন্ন করতে হয়। এইসব আন্তর্জাতিক চুক্তি অনুমোদনের ক্ষমতা কার অথবা কোন প্রতিষ্ঠানের?
ক) রাষ্ট্রপতির খ) প্রধানমন্ত্রীর
গ) বাণিজ্যমন্ত্রীর ঘ) সংসদের

২৯. সংসদের নেতা হিসেবে প্রধানমন্ত্রীর দায়িত্ব হলো —
i. বিরোধীদলের আস্থা অর্জন
ii. তর্ক ও যুক্তিবলে বিরোধী দলকে কোণঠাসা করে রাখা
iii. রাজনৈতিক স্থিতিশীলতা অর্জন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০.
সচিব
↓
?
↓
যুগ্মসচিব

ছকে '?' চিহ্নিত কর্মকর্তার পদমর্যাদা কী?
ক) সিনিয়র সহকারী সচিব খ) অতিরিক্ত সচিব
গ) উপসচিব ঘ) সহকারী সচিব

৩১. বিভাগীয় কমিশনার নিচের কোন পদের সমমর্যাদা সম্পন্ন?
ক) প্রতিমন্ত্রী খ) অতিরিক্ত সচিব
গ) সহকারী সচিব ঘ) যুগ্ম সচিব

৩২. 'বঙ্গবন্ধুর মৃত্যুর পর অর্থাৎ '৭৫ পরবর্তীতে বাংলাদেশে আওয়ামীলীগ কোন নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত হয়?
ক) ৬ষ্ঠ জাতীয় সংসদ খ) ৭ম জাতীয় সংসদ
গ) ৮ম জাতীয় সংসদ ঘ) ১০ম জাতীয় সংসদ

৩৩. প্রকৃতির বাতাস যে কারণে অর্থনীতিতে সম্পদ নয় তা হলো —
i. এর ব্যবহার নেই ii. এর কোনো খরচ নেই
iii. এর প্রাচুর্যতা নেই
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) ii ও iii

নিচের অনুচ্ছেদ হতে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :
৬ষ্ঠ শ্রেণির কাজল ভালো কবিতা লিখতে এবং আবৃত্তি করতে পারে। স্কুলে তার এই প্রতিভার সবাই প্রশংসা করে। তাই ছাত্র শিক্ষক বিদ্যালয়ের সবাই তাকে চেনে।

৩৪. সাধারণ দৃষ্টিতে তার এই প্রতিভা কোন ধরনের সম্পদ?
ক) সাংস্কৃতিক সম্পদ খ) ব্যক্তিগত সম্পদ
গ) সমষ্টিগত সম্পদ ঘ) আন্তর্জাতিক সম্পদ

৩৫. কিন্তু দুঃখের বিষয় তার এই মূল্যবান প্রতিভা যে কারণে অর্থনীতিতে সম্পদ নয় তা কোনটি?
ক) এর অভাব নেই খ) হস্তান্তরযোগ্য নয়
গ) যোগান সীমাহীন ঘ) উপযোগ নেই

৩৬. উচ্চ মাথাপিছু আয় উন্নত জীবনমান নির্ধারণের যে যে বিষয় দ্বারা বাধাগ্রস্ত হয় তা হলো —
i. দেশের অর্থনৈতিক ব্যবস্থা
ii. আয়ের অসম বণ্টন iii. অপরিবর্তিত মূল্যস্তর
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) ii ও iii

৩৭. বিভিন্ন দেশের জনগণের মধ্যে ক্রমশই শ্রেণি ও আয় বৈষম্য বৃদ্ধি পাচ্ছে। এর অন্যতম কারণ কী?
ক) শিক্ষার প্রসার খ) প্রযুক্তির প্রচলন
গ) শিল্পায়ন ঘ) নগরায়ণ

৩৮. কামাল একজন সমাজ সংস্কার/কর্মী। তাই সে একটি সুন্দর সমাজ প্রতিষ্ঠা করতে চায়। উক্ত সুন্দর সমাজ গঠনে তাকে কোন বিষয়টিতে অধিকতর গুরুত্ব দেয়া উচিত?
ক) সামাজিক শৃঙ্খলা
খ) সামাজিক মূল্যবোধের অনুশীলন
গ) আইন শৃঙ্খলা বাহিনীর সজাগ দৃষ্টি
ঘ) রাজনৈতিক স্থিতিশীলতা

৩৯. ফতোয়ার মাধ্যমে বিচার গ্রহণযোগ্য নয় যে কারণে তা হলো —
i. প্রভাবশালী মহলের মনগড়া আইন বলে
ii. প্রচলিত আইনের পরিপন্থি বলে
iii. আইনের অপব্যবহার করা হয় বলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০. ব্রেকিং দা সাইলেন্স (Breaking the silence) কিসের নাম?
ক) শিক্ষা কার্যক্রমের খ) আইন সালিশ কেন্দ্রের
গ) নারী সংগঠনের
ঘ) একটি বেসরকারি সংস্থার (NGO)

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ঘ |
| | ২১ | খ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ঘ |

Teachingbd.com